21 MAY 2017
2 6

# প্রধানমন্ত্রী শিক্ষাকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়েছেন : স্পিকার

■ পীরগঞ্জ (রংপুর) প্রতিনিধি

প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার শিক্ষাকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়েছেন। শিক্ষা ক্ষেত্রে আমাদের সন্তানদের সব ধরনের সুযোগ-সুবিধা দিয়ে মেধার মূল্যায়ন করতে কাজ করে যাচ্ছে সরকার। সিপিএ চেয়ারপারসন স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী এমপি গতকাল শনিবার পীরগঞ্জে এসে খালাশপীর বঙ্গবন্ধু ডিগ্রি কলেজে এসএসসি পর্যায়ে কৃতী ছাত্রছাত্রীদের সংবর্ধনা অনুষ্ঠানে এসব কথা বলেন। বঙ্গমাতা পরিষদ এতে সহায়তা করে।

স্পিকার বলেন, ছেলেদের পাশাপাশি মেয়েদের সমানভাবে এগিয়ে যেতে উপবৃত্তি, অসচ্ছলদের সহযোগিতাসহ নানা কর্মসূচি চলমান রেখেছে সরকার। স্পিকার বলেন, আমাদের সন্তানরা আগামী বাংলাদেশের ভবিষ্যৎ, তাই তাদের এগিয়ে নিতে হবে। অনুষ্ঠানে খালাশপীর বঙ্গবন্ধু ডিগ্রি কলেজের গভর্নিং বডির সভাপতি ও উপজেলা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক মোকাররম হোসেন চৌধুরী জাহাঙ্গীরের সভাপতিত্বে ও অধ্যক্ষ ■ পৃষ্ঠা ১৫ : কলাম ৬

## প্রধানমন্ত্রী শিক্ষাকে

[দ্বিতীয় পৃষ্ঠার পর]

মোমিনুল ইসলাম রনতুর সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন দিনাজপুর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর আহমেদ হোসেন, ক্রিকেট বোর্ডের পরিচালক ও জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক আনোয়ারুল ইসলাম প্রমুখ। তিনি ২৫০ জন এ প্লাস প্রাপ্ত শিক্ষার্থীর মধ্যে ক্রেস্ট বিতরণ করেন। পরে তিনি দুপুরে উপজেলা প্রশাসন ও উপজেলা আওয়ামী লীগের ব্যানারে উপজেলা পরিষদ চত্বরে অপর অনুষ্ঠান সুধী সমাবেশে যোগ দেন। এ সময় ডিজিটাল পদ্ধতিতে বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ড সাহাপুর বালিকা উচ্চ বিদ্যালয় ও রাজারামপুর জুনিয়র স্কুলের একাডেমিক ভবনের ভিত্তিপ্রস্তর, পীরগঞ্জ কেন্দ্রীয় শহিদ মিনার, মুক্তিযোদ্ধা ভবন, উপজেলা পরিষদের সম্প্রসারিত প্রশাসনিক ভবন, ত্রাণ ও দুর্যোগ মন্ত্রণালয়ের অর্থায়নে নির্মিত ব্রিজ/কালভার্ট, কাবিলপুর ও বড় আলমপুর ইউনিয়ন পরিষদের নবনির্মিত ভবনসহ মাদারগঞ্জ ডিগ্রি কলেজের দ্বিতল ভবন ও কয়েকটি পাকা সড়কের কাজ উদ্বোধন করেন। এ ছাড়া সাম্প্রতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের মধ্যে ঢেউটিন ও অর্থ এবং বিশেষ চাহিদাসম্পন্ন ব্যক্তিদের মধ্যে হুইল চেয়ার বিতরণ করেন। এ সময় রংপুরের ভারপ্রাপ্ত জেলা প্রশাসক সুলতানা পারভিন, পুলিশ সুপার মিজানুর রহমান, নির্বাহী কর্মকর্তা কমল কুমার ঘোষ, উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি অ্যাডভোকেট আজিজুর রহমান রাঙ্গা, সাধারণ সম্পাদক পৌর মেয়র তাজিমুল ইসলাম শামীম প্রমুখ উপস্থিত ছিলেন।